গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নওগাঁ
(সাধারণ শাখা-১১১)
www.naogaon.gov.bd

নওগাঁ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির এপ্রিল/২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ মিজানুর রহমান, জেলা প্রশাসক, নওগাঁ।
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ	:	২৩ এপ্রিল, ২০১৯ খ্রিঃ (মঙ্গলবার)।
সময়	:	১০.০০ টা।
উপস্থিতি	:	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।
অনুপস্থিতি	:	পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সকলকে বাংলা নব বর্ষের শুভেচ্ছা জানানো হয়। সম্মানিত উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ অদ্যকার সভায় প্রথম যোগদান করায় তাঁদেরকে পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। সম্মানিত চেয়ারম্যানগণ একে একে পরিচয় প্রদান করেন। এছাড়া উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, পোরশা ও নিয়ামতপুর, ব্যবস্থাপক, বিটিসিএল সভায় প্রথমবার আগমন করায় সভায় পরিচয় প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং প্রস্তুতকৃত কার্যপত্র পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। অত:পর সভায় বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী চূড়ান্ত করতে মত প্রকাশ করেন।	কোন সংশোধনী না থাকায় গত ১৯/০৩/২০১৯ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	--

২। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনেক দপ্তরের নিকট থেকে পাওয়া যায়নি। আগামী সভা থেকে সকল বিভাগকে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও সভার কার্যপত্র নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক জেলা উন্নয়ন সমন্বয় সভা প্রতি মাসের ৩য় রবিবারে অনুষ্ঠিত হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র (উপস্থাপনযোগ্য বিষয়) নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম (প্রতি মাসের ০১ তারিখের মধ্যে) প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সদস্যবৃন্দ।

৩। পুলিশ বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
পুলিশ সুপার, নওগাঁ এর প্রতিনিধি জানান, সরকারি যে কোন উন্নয়নমূলক কাজে পুলিশ বিভাগ সার্বিক সহযোগিতা প্রদান করে থাকেন। জেলায় মাদক ও জঙ্গি দমন কার্যক্রম অব্যাহত রয়েছে। জঙ্গি অনুসন্ধানে পুলিশ বিভাগের নিকট তথ্য দিয়ে সহায়তা করার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি জানান, ঢাকা বাসষ্ট্যান্ড নির্ধারিত স্থানে যতদিন পর্যন্ত সড়ানো না হবে ততদিন পর্যন্ত ট্রাফিক পুলিশ বাধা দিয়ে তাজের মোড়ের যানজট কমানো সম্ভব হবে না। আসন্ন রমজান মাসে আইন শৃংখলা রক্ষায় তৎপর থাকবে।	(১)সরকারি উন্নয়নমূলক কাজে বিভিন্ন বিভাগকে পুলিশী সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে হবে। (২)আসন্ন রমজান মাসে আইন শৃংখলা রক্ষায় তৎপর থাকতে হবে।	পুলিশ সুপার, নওগাঁ।

৪। জেলা পরিষদ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ জানান, জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি'র ৫কোটি ৯০লক্ষ টাকার ৩০৬টি প্রকল্প। টেন্ডার প্রকল্পের সংখ্যা ১৪১টি ও পিআইসি প্রকল্পের সংখ্যা ১৬৫টি। ১৪১টি টেন্ডার প্রকল্পের মধ্যে ৬৯টির কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৭২টি প্রকল্পের কাজের অগ্রগতি ৬০%। জুন/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত করার পরিকল্পনা রয়েছে। পিআইসির ১৬৫টি প্রকল্পের মধ্যে ৪০টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ১২৫টির কাজ চলমান রয়েছে। জুন/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত করার পরিকল্পনা রয়েছে। নিজস্ব তহবিলের ১কোটি ৯লক্ষ টাকার ১২টি প্রকল্পের মধ্যে ৬টি টেন্ডার এবং ৬টি সিপিপিসি প্রকল্প। ৪টি টেন্ডার ও ২টি সিপিপিসি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলোর চলমান আছে। কাজের অগ্রগতি ৭৫%। জুন/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত করার	(১)জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি এবং নিজস্ব তহবিলের মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। (২)পত্নীতলা উপজেলায় পৌরসভা কর্তৃক আরসিসি ড্রেন নির্মাণের নিমিত্ত হরিরামপুর	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ

পরিকল্পনা রয়েছে। পত্নীতলা উপজেলার হরিরামপুর মৌজায় পত্নীতলা উপজেলা পরিষদের পূর্ব গেট হতে পশ্চিম গেট পর্যন্ত রাস্তার দক্ষিণ ধারে বিভিন্ন প্রজাতির ৩২টি গাছ আছে। নজিপুর পৌরসভা কর্তৃক উক্ত রাস্তার দক্ষিণ পার্শ্বে আরসিসি ড্রেন নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে যেখানে বর্ণিত ৩২টি গাছ প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। সংশ্লিষ্ট মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক ২৪/৩/২০১৯ তারিখে ১,১২,৯২৮.৬০ টাকা মূল্য নির্ধারণ করা হয় এবং গাছগুলো দ্রুত অপসারণের সুপারিশ করা হয়। উক্ত গাছগুলো নিলামে বিক্রির অনুমোদন করা যেতে পারে।	মৌজায় রাস্তার ধারে বিভিন্ন প্রজাতির ৩২টি গাছ মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যের ভিত্তিতে বিধি মোতাবেক নিলামে বিক্রির অনুমোদন প্রদান করা হল।	

৫। গণপূর্ত বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ জানান, নওগাঁ ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের লিফটে টাইলস্ এর কাজ চলছে। লিফট চালু হতে আরও ১৫দিন সময়ের প্রয়োজন। প্রত্যেক উপজেলায় মডেল মসজিদ নির্মাণের বিষয়ে জানান, ৮টি উপজেলায় টেন্ডার হয়ে গেছে। রাণীনগর উপজেলায় ইতোমধ্যে কাজ শুরু হয়েছে। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নওগাঁ জানান, মডেল মসজিদ নির্মাণের জন্য সবগুলো প্রজেক্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর চলে গেছে। শীঘ্রই অনুমোদন হয়ে আসবে।	(১)নওগাঁ ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের লিফটের কাজ দ্রুতগতিতে সম্পন্ন করতে হবে। (২)মডেল মসজিদ নির্মাণের জন্য যে সকল উপজেলায় টেন্ডার আহবান করা হয়েছে সে সকল উপজেলায় কাজ দ্রুত শুরু করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ।

৬। স্বাস্থ্য বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সিভিল সার্জন, নওগাঁ জানান, সদর হাসপাতাল ব্যতীত জেলায় মোট মন্জুরীকৃত চিকিৎসকের পদ ২৭৯টি। বর্তমানে কর্মরত আছে ৭৩জন। শূন্য আছে ২০৬টি। ব্যাপক সংখ্যক চিকিৎসক পদ শূন্য থাকায় চিকিৎসা সেবা প্রদানে সমস্যা হচ্ছে। জেলায় ৩য় ও ৪র্থ শ্রেণীর ব্যাপক পদ শূন্য আছে। ২০১২ সালে ৩য় ও ৪র্থ শ্রেণীর ১১৯টি পদে জনবল নিয়েগের নিমিত্তে লিখিত ও মৌখিক পরীক্ষা সমাপ্ত হয়েছে। উচ্চ আদালতে মামলা থাকায় নিয়োগ এখন সম্পন্ন হয়নি। ফলে চিকিৎসা সেবা প্রদানসহ অফিস কার্যাদি পরিচালনায় ব্যাপক অসুবিধা হচ্ছে। ।	(১)চিকিৎসক পদায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে হবে। (২)৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগের পরবর্তী পদক্ষেপ নিতে হবে।	সিভিল সার্জন, নওগাঁ।

৭। ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ জানান, নব নির্মিত হাসপাতালের ৮ম তলা সচল পাওয়ার আশায় পুরাতন ভবনের দোতলার ওয়ার্ড ও কেবিন নওগাঁ মেডিকেল কলেজকে ছেড়ে দেওয়া হয়েছে। নতুন ভবনের লিফট সচল না হওয়ার কারণে ভর্তি রোগীদের জায়গা সংকুলানের প্রকট সমস্যা দেখা দিয়েছে। ওয়ার্ডের বারান্দা ঘিরে রোগীদের কোনরকমে থাকার ব্যবস্থা করা হয়েছে। মাননীয় সংসদ সদস্য, নওগাঁ-৫ এর সভাপতিত্বে হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভায় ২০ মার্চ, ২০১৯ তারিখের মধ্যে লিফট চালুসহ সকল অসম্পূর্ন কাজ সম্পন্ন করে ভবন হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল।	লিফট চালু না হওয়া পর্যন্ত পুরাতন ভবনে স্থানীয় ব্যবস্থাপনায় রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে।	তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ।

৮। নওগাঁ মেডিকেল কলেজঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ সভায় উপস্থিত নেই। সভাপতি জানান, নওগাঁ মেডিকেল কলেজ স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নওগাঁ সদর উপজেলায় চকবিরাম, নলগাড়া, বরুনকান্দি ও চকপাথুরিয়া মৌজায় নির্বাচিত ৫০ একর জমি অধিগ্রহণের জন্য ১৩৫ কোটি ৪৩ লক্ষ ৪৫ হাজার ৬৪১ টাকার প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণকৃত প্রস্তাবের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়নি।	নওগাঁ মেডিকেল কলেজের জায়গা অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদানের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর যোগাযোগ করতে হবে।	অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ।

৯। জনস্বাস্থ্য বিভাগঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নওগাঁ জানান, (১) পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পে পানির উৎস্য স্থাপন ২২৩টি। কাজের অগ্রগতি ৪০% (২) ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১টি পানি শোধনাগার নির্মাণ। কাজের অগ্রগতি ৫০% (৩) জাতীয় স্যানিটেশন প্রকল্পের আওতায় স্বল্প মূল্যে ল্যাট্রিন সেট নির্মাণ প্রকল্পের আওতায় ৫৪৪ সেটের বরাদ্দ পাওয়া গেছে। কার্যাদেশ প্রদান করা হয়েছে (৪) থানা সদর ও গ্রোথ সেন্টার প্রকল্পের আওতায় ২.০০ কিঃ মিঃ পাইন লাইন স্থাপন। কাজের অগ্রগতি ১০০%। কাজ চলমান আছে (৫) অগ্রাধিকারমূলক প্রকল্পের আওতায় পানির উৎস স্থাপন ১,৮৮৫টি। কাজের অগ্রগতি ৭০%। কাজ চলমান আছে (৬) রাজশাহী, নওগাঁ ও চাঁপাইনবাবগন্জ জেলায় নিম্ন পানিস্তর এলাকায় কমিউনিটি বেইড পানি সরবরাহ প্রকল্পের আওতায় পানির উৎস স্থাপন ৫১৬টি। কাজের অগ্রগতি ৫৫%। কাজ চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার, আত্রাই জানান, আত্রাই উপজেলায় ২০০টি টিউবওয়েলের মধ্যে ১০৪টির কাজ সম্পন্ন হয়েছে। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ জানান, মে/২০১৯ মাসের মধ্যে কাজ শেষ হবে।	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের আওতায় চলমান প্রকল্পগুলোর কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নওগাঁ